

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-২২

তারিখ: ২০ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ


সংবাদ বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ সালের ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে যেসব ভোটার ০১ জানুয়ারি ২০২২ তারিখে ভোটার হওয়ার যোগ্য হয়েছেন তাদেরকে অন্তর্ভুক্ত করে খসড়া ভোটার তালিকা তৈরি করা হয়েছে। এ খসড়া তালিকা ১৯ জানুয়ারি ২০২২ তারিখে প্রকাশ করা হয়। এ খসড়া তালিকা প্রদর্শনের জন্য উপজেলা/থানা নির্বাচন অফিসসহ সংশ্লিষ্ট দপ্তর সমূহে রাখা হয়েছে।

খসড়া তালিকায় অন্তর্ভুক্ত ভোটারগণ এ তালিকা দেখে কোন দাবী, আপত্তি বা সংশোধনের বিষয় থাকলে সে বিষয়ে নির্ধারিত ফরমে রিভাইজিং অথরিটি বরাবর আবেদন করতে পারবেন। ইতোমধ্যে রিভাইজিং অথরিটি নিয়োগ দেয়া হয়েছে। খসড়া ভোটার তালিকায় কোন দাবির বিষয়ে নির্ধারিত ফরম-৬, আপত্তির বিষয়ে ফরম-৭ ও সংশোধনের বিষয়ে ফরম-৮ এ আবেদন করতে হবে।

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ থেকে শুরু করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নিম্নোক্ত সময়সূচি ঘোষণা করা হয়েছে।

| কার্যক্রমের বিবরণ | তারিখ |
|--|-------------------------------------|
| হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ | : ১৯ জানুয়ারি ২০২২ (বুধবার) |
| দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ | : ০৩ ফেব্রুয়ারি ২০২২ (বৃহস্পতিবার) |
| সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহের নিষ্পত্তির শেষ তারিখ | : ১০ ফেব্রুয়ারি ২০২২ (বৃহস্পতিবার) |
| দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ | : ১৭ ফেব্রুয়ারি ২০২২ (বৃহস্পতিবার) |
| হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : ০২ মার্চ ২০২২ (বুধবার) |


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)